



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ি -১৬/১৫৪৮/১৬

তারিখ: ১০.১০.২০১৯খ্রি.

**বিষয়: বর্তমান নিয়োগপ্রাপ্ত সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান ও সহ-সুপার জনাব এ.টি.এম কামরুজ্জামানকে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে রাজবাড়ি জেলার বালিয়াকান্দি উপজেলাধীন বালিয়াকান্দি দাখিল মাদ্রাসার সুপার সভাপতির নাম পরিবর্তনসহ নব নির্বাচিত সভাপতির নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্রের আলোকে দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসারের পদবি না দিয়ে নামের উপর সভাপতি নির্বাচিত করা হয়েছিল। উপজেলা নির্বাহী অফিসার বদলি হলে সভাপতির পদ নিয়ে জটিলতা সৃষ্টি হয়। পরবর্তীতে সুপার সভাপতি নির্বাচনের রেজুলেশনের কপি ও উপজেলা নির্বাহী অফিসারের বদলি অথবা পদত্যাগের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত না করেই শুধুমাত্র সভাপতি পরিবর্তনের জন্য আবেদন অত্র বোর্ডে প্রেরণ করেন।

বর্ণিত অবস্থায়, সভাপতির নির্বাচনের রেজুলেশনের কপি ও উপজেলা নির্বাহী অফিসারের বদলি অথবা পদত্যাগের বিষয়ে বর্তমান নিয়োগপ্রাপ্ত সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান ও সহ-সুপার জনাব এ.টি.এম কামরুজ্জামানকে প্রয়োজনীয় কাগজপত্রসহ বোর্ডে উপস্থিত হয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক,

১। সুপার, বালিয়াকান্দি দাখিল মাদ্রাসা

ডাকঘর: বালিয়াকান্দি, উপজেলা: বালিয়াকান্দি, জেলা: রাজবাড়ি;

২। সহ-সুপার, বালিয়াকান্দি দাখিল মাদ্রাসা

ডাকঘর: বালিয়াকান্দি, উপজেলা: বালিয়াকান্দি, জেলা: রাজবাড়ি।

নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ি -১৬/ /

তারিখ: ১০.১০.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রাজবাড়ি;
২. জেলা শিক্ষণ অফিসার, রাজবাড়ি;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ি;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ি;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪